129755 - দুধ পান করানোর সংখ্যা নিয়ে সন্দেহ থাকলে মাহরাম সাব্যস্ত হয় না

প্রশ্ন

আমার সৎ মা আমার সহোদর ভাই এর ছেলেকে দুধ পান করিয়েছেন; তিনি কয় বার পান করিয়েছেন এ নিয়ে তার সন্দেহ আছে। এ দুধ পান করানোর কারণে তিনি মাহরাম হবেন, নাকি হবেন না– এ নিয়ে তিনি সন্দিহান; কারণ আমার এ ভাইপো আমার মেয়েকে বিয়ের প্রস্তাব দিয়েছে। এ বিষয়ে আমাদেরকে ফতোয়া দিন; জাযাকুমুল্লাহু খাইরা।

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

আলহামদুলিল্লাহ।

তিনি জানেন না যে, তিনি কি পাঁচবার দুধ পান করিয়েছেন; নাকি চারবার, নাকি আরও কম; সন্দেহ যেহেতু বিদ্যমান ক্ষেত্রে মূল বিধান হলো, মাহরাম সাব্যস্ত না হওয়া। কেননা মূল অবস্থা হচ্ছে, মাহরাম সাব্যস্ত হওয়ার মত দুধ পান করানো না ঘটা। এমতাবস্থায়, এ বিয়েতে কোন বাধা নেই। দুধ পান করানোর সংখ্যার ক্ষেত্রে এ সন্দেহের কারণে মাহরাম সাব্যস্ত হবে না।

আল্লাহ্ ভাল জানেন।